# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৫. হায়িযগ্রস্ত মহিলা তার পরিধেয় কাপড় পবিত্র করে সেই কাপড়েই সালাত আদায় করতে পারবে

بَابُ الْمَرْأَةِ الْحَائِضِ تُصَلِّي فِي ثَوْبِهَا إِذَا طَهُرَتْ

## আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ عَنْ عَطَاءٍ قَالَ كَانَتْ عَائِشَةُ تَرَى الشَّيْءَ مِنْ الْمَحِيضِ فِي ثَوْبِهَا فَتَحُتُّهُ بِالْحَجَرِ أَوْ بِالْعُودِ أَوْ بِالْقَرْنِ ثُمَّ تَرُشُّهُ

## বাংলা

১০৫৫. আতা রাহি. হতে বর্ণিত তিনি বলেন, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা তার কাপড়ে হায়েযের সামান্য রক্ত দেখতে পেতেন। ফলে তিনি পাথর বা কাঠি কিংবা শিং দ্বারা তা ঘষে তুলে ফেলতেন, তারপর পানি ছিটিয়ে দিতেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। আব্দুর রাযযাকে ইবনু জুরাইজ কর্তৃক ‘হাদ্দাসানা’ বলে বর্ণিত হয়েছে, ফলে ইবনু জুরাইজের তাদলীসের সন্দেহ দূর হয়ে যায়।

তাখরীজ: আব্দুর রাযযাক, (আল মুসান্নাফ) নং ১২২৮ (সেখানে ‘শিং’ এর বদলে ‘হাড়’ এবং ‘পানি ছিটিয়ে দিতেন’ এরপরে অতিরিক্তি ‘তারপর তাতে সালাত আদায় করতেন’ রয়েছে)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81338

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন